উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

মার্চ/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩২ তম সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: মোস্তাকুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ,সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ, সিলেট
সভার তারিখ ও সময়: ১৩মার্চ ২০২২ সকাল : ১১.৩০ ঘটিকা

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি ধারাবাহিকভাবে পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণির কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ, সিলেট |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার | স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-০১ শাখা,ঢাকার পত্র সংখ্যা ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২ (অংশ-৩)-১৮ তারিখ : ০১/০১/২০২২ সভায় উপস্থাপন করা হয়। উক্ত পত্রে উপজেলায় সুবর্ণজয়ন্তী সৌধ নিজস্ব আয় থেকে নির্মাণের নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>সিদ্ধান্ত : সুবর্ণজয়ন্তী সৌধ উপজেলা রাজস্ব তহবিল হতে নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | (ক) ফেব্রুয়ারি/২০২১ মাসে উপজেলা কমিটির (স্থায়ী কমিটি) কোন প্রকল্প প্রস্তাব বা সুপারিশ নেই।<br>সিদ্ধান্ত : বিগত সভায় অনুমোদিত প্রকল্পসমূহ নির্ধারীত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যনগণকে অনুরোধ করা হয়।<br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ বিভিন্ন প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ গৃহীত প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ইউডি এস, জাইকা প্রকল্প/ ইউপি চেয়ারম্যান (সকল), বালাগঞ্জ |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য এর ফেব্রুয়ারি/২২ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | সকল দপ্তর |
| নিয়মিত রাজস্ব ব্যয় | জনাব হেলাল আহমদ, জীপ চালককে উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২১ মাসের জ্বালানী বিল বাবদ-২০,৯৫৬/-(বিশ হাজার নয়শত ছাপ্পান্ন) টাকা, ড্রেন পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ১৭,০০০/-(সতের হাজার) টাকা, | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |

| | | |
|---|---|---|
| | উপজেলা পরিষদের পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মীর মজুরী বাবদ ৪,০০০/- (চার হাজার) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় সভায় অনুমোদন করা হয়। | |
| বিবিধ | (ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেব্রুয়ারি/২০২২ মাসের কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। গর্ভবতী পরিচর্যা সংখ্যা-১০২০, প্রসব সেবা সংখ্যা ১৪৭, গর্ভোত্তর পরিচর্যা সংখ্যা- ২৮১, শিশু স্বাস্থ্য সেবা সংখ্যা-৫৮২। সাধারন রোগী ৩৮৯৭, মহিলা বন্ধাকরণ - ০৪, ইমপ্ল্যান্ট- ৪৩ জন।<br>সিদ্ধান্তঃ পরিবার পরিকল্পনা কার্যক্রমকে গতিশীল এবং সচেতনতামূলক প্রচারনা অব্যাহত রাখতে হবে।<br>(খ) উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এলডিডিপি প্রকল্পের আওতায় ০৫ টি প্রডিউসার গ্রুপ তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। হাওড় উন্নয়ন ও প্রাণিসম্পদ সম্প্রসারণ উন্নয়ন প্রকল্পের আওতায় খামারিদের ট্রেনিং শুরু হয়েছে। গত ১৬ ফেব্রুয়ারি প্রাণি সম্পদ প্রদর্শণী ২০২২ উপজেলা প্রানিসম্পদ দপ্তর ক্যাম্পাসে সম্পন্ন করা হয়েছে। কৃত্রিম প্রজনন কর্মী না থাকায় কৃত্রিম প্রজনন কিছুটা বাধাগ্রস্থ হচ্ছে মর্মে সভায় অবহিত করেন।<br>সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা কে অনুরোধ করা হয়।<br>(গ) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ০৬টি ইউনিয়নের বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে ফর্মালিনযুক্ত মাছ, জাটকা ইলিশ এবং সরকার নিষিদ্ধ আফ্রিকান মাগুর পাওয়া যায় নাই এবং মৎস্য সম্পদ সুরক্ষা ও সংরক্ষণ আইন অনুযায়ী প্রতি বছরের ন্যায় এ বছর জাটকা সংরক্ষণ অভিযান কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে অত্র উপজেলার ০৬ টি ইউনিয়নে বিভিন্ন গ্রামের মোট ১৫ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান সহ ১২ জন মৎস্যচাষীর পুকুর পরিদর্শন ও কীট-বক্সের মাধ্যমে পানি পরীক্ষা করে পরামর্শ প্রদান করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ উপজেলা মৎস্য কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখা, আগ্রহী মৎস্য চাষীদের পরামর্শ প্রদান,বিল নার্সারী কার্যক্রম চলমান রাখা সহ প্রদর্শনী কার্যক্রম ও প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>ঘ) উপজেলা কৃষি কর্মকর্তা জানান কৃষি বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। রোপা আমনের লক্ষ মাত্রা ছিল ৬৭৬৫ হেঃ অগ্রগতি হয়েছে ৬৭৬০ হেঃ। এছাড়া সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে খামার যান্ত্রীকরন প্রকল্পের আওতায় বোরো মৌসুমের জন্য ৭০% ভর্তুকীতে কম্বাইন হারবেস্ট, রাইস ট্রান্স প্লান্টার, পাওয়ার থ্রেসার, মেইজ শেলার, রিপার ও রিপার বাইন্ডার, ড্রায়ার, পাওয়ার স্প্রেসার, পাওয়ার ইডার, সিডার, বেড প্লান্টার, ক্যারেন্ট ওয়াশার পাওয়ার জন্য আগামী ১৬/০৩/২২ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করেন। এছাড়া যে সকল জমি পতিত রয়েছে সে গুলো চাষাবাদের আওতায় আনতে হবে মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা রয়েছে। সার ও কীটনাশক মজুদ রয়েছে।<br>সিদ্ধান্তঃ অনাবাদি/পতিত জমি চাষের আওতায় আনয়ণ, কৃষক ও কৃষির উন্নয়ন এবং খাদ্য উৎপাদনের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। সার, বীজ ও কীটনাশক যাতে প্রকৃত কৃষক পায় বিষয়টি নিশ্চিত করা সহ কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ যথাসময়ে প্রদান নিশ্চিত করতে উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>(ঙ) উপজেলা সমবায় কর্মকর্তা জানান, চলতি অডিট বর্ষে বরাদ্দকৃত ৪৮টি সমিতির শতভাগ অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। চলতি মাস পর্যন্ত ৩৭,৫৬০/- টাকা অডিট ফি আদায় করতঃ ট্রেজারী চালনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। চলতিমাস পর্যন্ত মাস পর্যন্ত ১১,৫৩৫/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করতঃ ডিডির মাধ্যমে ব্যাংকে জমা প্রদান করা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা পরিবার পরিকল্পনা /উপ সহকারী প্রকৌশলী/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা /সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা কৃষি কর্মকর্তা/উপজেলা সমবায় কর্মকর্তা /উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

হয়েছে। তিনি আরো জানান ০৪ টি ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ১০০ জন নারী ও পুরুষ সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।

(চ) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান, মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপন সময় মত না হওয়ায় ভাতা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। সকল ধরনের মৃত ভাতাভোগীর প্রতিস্থাপন প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর জমা দেয়ার জন্য চেয়ারম্যান বৃন্দকে অনুরোধ করেন। ক্যান্সার, কিডনী ০৬ টি জটিল রোগের অনুদান হিসেবে প্রাপ্ত ৮টি নামের স্ব-স্ব হিসাব নম্বরে EFT করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি সমাজসেবা বিভাগের কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকরের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ সকল ধরনের মৃত ভাতাভোগীর প্রতিস্থাপন প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভিন্ন প্রকল্পের কাজের মাষ্টার রোল দাখিলের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ বিভিন্ন প্রকল্পের কাজের মাষ্টার রোল দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান, স্থানীয় সরকার বিভাগ ও জাইকার সহায়তার পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অধীনে ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দ হতে বার্ষিক উন্নয়ন প্রকল্পের টেন্ডার আহবান করার জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করেন।

সিদ্ধান্ত : বার্ষিক উন্নয়ন প্রকল্পের টেন্ডার আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায়,খসরুপুর জিসি–পৈলনপুর রাস্তার কাজ দ্রুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : খসরুপুর জিসি–পৈলনপুর রাস্তার কাজ দ্রুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঞ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় প্রতি ইউনিয়নের যে কান একটি গ্রামে দুগ্ধ খামারের উদ্যোগ নেওয়ার জন্য প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত : যে কোন একটি গ্রামে দুগ্ধ খামার করার উদ্যোগে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ট) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান, উপজেলার বিভিন্ন এলাকায় কিছু খামারী রয়েছে যারা প্রাণি সম্পদ দপ্তরের তালিকায় নেই সে গুলো খোজে বের করে তালিকায় অর্ন্তভুক্ত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত : উপজেলার বিভিন্ন এলাকায় খামারী রয়েছে কিন্তু তালিকায় নেই সে গুলো খোজে বের করে তালিকায় অর্ন্তভুক্ত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(ঠ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায়, ঘাস চাষের উদ্যোগ নেওয়ার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ ঘাস চাষের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(ড) ভাইস চেয়ারম্যান জানান, উপজেলার বিভিন্ন দপ্তরের বিভিন্ন অনুষ্টানে অবহিত করা হয়নি এমন কি বিভিন্ন অনুষ্টানের ব্যানারে নাম লিখা থাকেনা এ বিষয়ে সকল দপ্তরের প্রধানগনকে সু-দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ উপজেলার বিভিন্ন দপ্তরের বিভিন্ন অনুষ্টানে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঢ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় আজিজপুর- বাংলাবাজার রাস্তার বাকি অংশ আরসিসি এবং সিলেট-সুলতানপুর রাস্তার আজমপুরের সামনের ২কিঃমিঃ রাস্তা পাকা করনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য

হয়েছে। তিনি আরো জানান ০৪ টি ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ১০০ জন নারী ও পুরুষ সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ** বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।

(চ) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান, মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপন সময় মত না হওয়ায় ভাতা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। সকল ধরনের মৃত ভাতাভোগীর প্রতিস্থাপন প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর জমা দেয়ার জন্য চেয়ারম্যান বৃন্দকে অনুরোধ করেন। ক্যান্সার, কিডনী ০৬ টি জটিল রোগের অনুদান হিসেবে প্রাপ্ত ৮টি নামের স্ব-স্ব হিসাব নম্বরে EFT করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি সমাজসেবা বিভাগের কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকরের সার্বিক সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** সকল ধরনের মৃত ভাতাভোগীর প্রতিস্থাপন প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভিন্ন প্রকল্পের কাজের মাষ্টার রোল দাখিলের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** বিভিন্ন প্রকল্পের কাজের মাষ্টার রোল দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান, স্থানীয় সরকার বিভাগ ও জাইকার সহায়তার পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অধীনে ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দ হতে বার্ষিক উন্নয়ন প্রকল্পের টেন্ডার আহবান করার জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** বার্ষিক উন্নয়ন প্রকল্পের টেন্ডার আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায়,খসরুপুর জিসি–পৈলনপুর রাস্তার কাজ দ্রুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :** খসরুপুর জিসি–পৈলনপুর রাস্তার কাজ দ্রুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঞ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় প্রতি ইউনিয়নের যে কান একটি গ্রামে দুগ্ধ খামারের উদ্যোগ নেওয়ার জন্য প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** যে কোন একটি গ্রামে দুগ্ধ খামার করার উদ্যোগে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ট) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান, উপজেলার বিভিন্ন এলাকায় কিছু খামারী রয়েছে যারা প্রাণি সম্পদ দপ্তরের তালিকায় নেই সে গুলো খোজে বের করে তালিকায় অর্ন্তভুক্ত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** উপজেলার বিভিন্ন এলাকায় খামারী রয়েছে কিন্তু তালিকায় নেই সে গুলো খোজে বের করে তালিকায় অর্ন্তভুক্ত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(ঠ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায়, ঘাস চাষের উদ্যোগ নেওয়ার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** ঘাস চাষের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(ড) ভাইস চেয়ারম্যান জানান, উপজেলার বিভিন্ন দপ্তরের বিভিন্ন অনুষ্টানে অবহিত করা হয়নি এমন কি বিভিন্ন অনুষ্টানের ব্যানারে নাম লিখা থাকেনা এ বিষয়ে সকল দপ্তরের প্রধানগনকে সু-দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** উপজেলার বিভিন্ন দপ্তরের বিভিন্ন অনুষ্টানে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঢ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় আজিজপুর- বাংলাবাজার রাস্তার বাকি অংশ আরসিসি এবং সিলেট-সুলতানপুর রাস্তার আজমপুরের সামনের ২কিঃমিঃ রাস্তা পাকা করনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য

উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি মাটি কাটার গাড়ি গুলো নির্ধারিত সময়ে (রাতে) চলাচলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ সিলেট- সুলতানপুরের রাস্তা মেরামত ও সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(ণ) হাট বাজার : মাদ্রাসা বাজার- ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের লক্ষ্যে ২টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব আব্দুল্লাহ আল মুইন ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা ইজারা মূল্যে সর্বোচ্চ দরপত্র দাখিল করেন যা সরকারী কাঙ্খিত ইজারা মূল্যে চেয়ে বেশী এবং তার দাখিলকৃত পে-অর্ডার দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% হওয়ায় মাদ্রাসা বাজারটি জনাব আব্দুল্লাহ আল মুইন এর অনুকূলে ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র মূল্যায়ন কমিটি সুপারিশ করেন।

সিদ্ধান্ত : মাদ্রাসা বাজার- ১৪২৯ বাংলা সনে ইজারা গ্রহণের লক্ষ্যে জনাব আব্দুল্লাহ আল মুইন ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা ইজারা মূল্যে সর্বোচ্চ দরপত্র দাখিল করেন যা সরকারী কাঙ্খিত ইজারা মূল্যে চেয়ে বেশী হওয়ায় মাদ্রাসা বাজারটি জনাব আব্দুল্লাহ আল মুইন এর অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

বোয়ালজুর বাজার- ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের লক্ষ্যে ১টি দরপত্র পাওয়া যায়। জনাব মো: সোহেল তাজ ৩,১০০/- (তিন হাজার একশত) টাকা ইজারা মূল্যে দরপত্র দাখিল করেন যা সরকারী কাঙ্খিত ইজারা মূল্যে চেয়ে বেশী এবং তার দাখিলকৃত পে-অর্ডার দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% হওয়ায় বোয়ালজুর বাজারটি জনাব মো: সোহেল তাজ এর অনুকূলে ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র মূল্যায়ন কমিটি সুপারিশ করেন।

সিদ্ধান্ত : বোয়ালজুর বাজার- ১৪২৯ বাংলা সনে ইজারা গ্রহণের লক্ষ্যে জনাব মো: সোহেল তাজ এর অনুকূলে ৩,১০০/- (তিন হাজার একশত) টাকা ইজারা মূল্যে একক দরপত্র দাখিল করায় এবং সরকারী কাঙ্খিত ইজারা মূলের চেয়ে বেশী হওয়ায় বোয়ালজুর বাজারটি ১৪২৯ বাংলা সনে ইজারা গ্রহণের লক্ষ্যে জনাব মো: সোহেল তাজ এর অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

কালিগঞ্জ বাজার- ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের লক্ষ্যে ২টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব আতাউর রহমান ১৫,০৭০/- (পনের হাজার সত্তর) টাকা ইজারা মূল্যে সর্বোচ্চ দরপত্র দাখিল করেন যা সরকারী কাঙ্খিত ইজারা মূল্যে চেয়ে বেশী এবং তার দাখিলকৃত পে-অর্ডার দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% হওয়ায় কালিগঞ্জ বাজারটি জনাব আতাউর রহমান এর অনুকূলে ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র মূল্যায়ন সুপারিশ করেন।

সিদ্ধান্ত : ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের লক্ষ্যে জনাব আতাউর রহমান ১৫,০৭০/- (পনের হাজার সত্তর) টাকা ইজারা মূল্যে সর্বোচ্চ দরপত্র দাখিল করেন যা সরকারী কাঙ্খিত ইজারা মূল্যে চেয়ে বেশী হওয়ায় কালিগঞ্জ বাজারটি ১৪২৯ বাংলা সনে জনাব আতাউর রহমান এর অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

(ত) চেয়ারম্যান দেওয়ানবাজার ইউপি সভায় বলেন, সিলেট-সুলতানপুর রাস্তার কাজ চলমান করার জন্য মাননীয় সংসদ সদস্য সহ সংশ্লিষ্টদের অনুরোধ করেন। এবং সিলেট -সুলতানপুর রাস্তার মোরারবাজারে পশ্চিম সাইডের ড্রেন নির্মান করার প্রস্তাব করেন।

সিদ্ধান্তঃ সিলেট -সুলতানপুর রাস্তার মোরারবাজারে পশ্চিম সাইডের ড্রেন নির্মান করার বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।

(থ) চেয়ারম্যান পূর্ব পৈলনপুর ইউপি সভায় জানান,খসরুপুর-জিসি

| | | |
|---|---|---|
| | পৈলনপুর রাস্তার কাজ দ্রুত করার প্রস্তাব করেন।<br>**সিদ্ধান্ত:** খসরুপুর-জিসি পৈলনপুর রাস্তার কাজ দ্রুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(দ) চেয়ারম্যান পূর্ব পৈলনপুর ইউপি সভায় জানান, ইউনিয়নে স্থায়ীভাবে ইউপি সচিব পদায়ন না থাকায় ইউনিয়ন পরিষদের কার্যক্রমে বিঘ্ন ঘটছে এর জন্য জনসাদারণ স্বাভাবিক সেবা হতে বঞ্চিত হচ্ছেন। জরুরী ভিত্তিতে ইউপি সচিব পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>**সিদ্ধান্তঃ** পর্বপৈলনপুর ইউনিয়নে ইউপি সচিব পদায়নের জন্য জেলা প্রশাসক , সিলেট বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।পরিষদের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ধ) চেয়ারম্যান পশ্চিম গৌরীপুর সভায় জানান, মানুষের চলাচলের জন্য টুলাখাল এর উপর ব্রীজ নির্মানের প্রস্তাব করেন এবং কয়েকটি নলকূপ তাঁর ইউনিয়নে বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন।<br>**সিদ্ধান্তঃ** টুলাখাল এর উপর ব্রীজ নির্মানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>(ন) উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন তাঁর অফিসের টয়লেট মেরামত ও সংস্কারের জন্য ১১,০০০/- (এগার হাজার) টাকা ব্যয় হবে । উক্ত ব্যয় অনুমোদনের জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্ত:** টয়লেট মেরামত ও সংস্কার ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

**সভাপতির সমাপনী বক্তব্য :** সভাপতি বর্তমান করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানান। তিনি উপজেলা কমিটির সভা নিয়মিত আহবান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১- ১১০ (৫০) তারিখ : ১৩ মার্চ ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৩
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ
০৫। জেলা প্রশাসক, সিলে
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। উপজেলা ..................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট
০২। চেয়ারম্যান....................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলে

১৩/০৩/22

(রোজিনা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট
টেলিফোন: ০৮২২২-৫৬০০১
Email: unobalaganj@gmail.com

২৩

২০/১২/২১

| ক্রমিক | জনপ্রতিনিধিবৃন্দ | ১৯/০৯/২০২১ | ২৮/১০/২০২১ | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ | ১৩/০৭/২২ | ২৪/২/২০২২ | ১৬/০৩/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | জনাব হাবিবুর রহমান<br>মাননীয় সংসদ সদস্য<br>সিলেট-৩ | [signature] | M.P. | | | | | |
| ০২. | জনাব মো: মোস্তাকুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | upz chairman | [signature] | | | | |
| ০৩. | জনাব মো: সামসু উদ্দিন<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] |
| ০৪. | জনাব সেবু আক্তার মনি<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৫. | চেয়ারম্যান<br>পূর্ব পৈলনপুর ইউপি | [signature] | [signature] | [signature] ২২/১১/২১ | [signature] ২০/১২/২১ | [signature] ১৩/০৭/২২ | [signature] ২৪.০২.২২ | [signature] ১৬/০৩/২২ |
| ০৬. | চেয়ারম্যান,<br>বোয়ালজুড় ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | চেয়ারম্যান<br>দেওয়ান বাজার ইউপি | [signature] | [signature] | [signature] ২২/১১/২১ | [signature] | | [signature] ২৪/২/২২ | [signature] |
| ০৮. | চেয়ারম্যান<br>পশ্চিম গৌরীপুর ইউপি | [signature] 19-09-2021 | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯. | চেয়ারম্যান<br>বালাগঞ্জ ইউপি | [signature] | [signature] | | [signature] 20.12.21 | [signature] 13.07.22 | | |
| ১০ | চেয়ারম্যান<br>পূর্ব গৌরীপুর ইউপি | [signature] ১৯/০৯/২০২১ | [signature] ২৮/১০/২০২১ | [signature] ২২/১১/২০২১ | [signature] ২০/১২/২০২১ | [signature] ১৩/০৭/২০২২ | [signature] ২৪/০২/২২ | [signature] ১৬/০৩/২২ |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১২/০৭/২০২১ | ২৮/১০/২০২১ | ২২/১১/২১ | ২০/১২/২০২১ | ২৬/০৪/২২ | ২৪/২/২০২২ | ২৫/০৬/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ১৩/৩/২২ |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | |
| ০৪. | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা | [illegible] | — | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৭. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [illegible] | [illegible] | — | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | — | — | [illegible] | [illegible] | [illegible] | | |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | | | | | |
| ১৫ | ~~উপজেলা যুব উন্নয়ন ক~~ | | | | | | | |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১৯/০১/২০২২ | [illegible]/১০/২০২২ | [illegible] | 22/11/2022 | ২০/১২/২০২২ | 26/01/22 | 28/2/2022 | 28/06/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা- | [signature] | [signature] | | [signature] | – | [signature] | [signature] | [signature] |
| ১৬. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] 13.01.2022 | [signature] 14.02.2022 | [signature] 2022 |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] |
| ১৮. | প্রশাসনিক কর্মকর্তা- | [signature] | [signature] | | [signature] | [signature] | | | [signature] |
| ১৯. | সমন্বয়কারী/ব্যবস্থাপক আমার বাড়ি আমার খামার প্র: | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ২০. | তথ্য সেবা কর্মকর্তা- | | | | | | | | |
| ২১. | বন কর্মকর্তা- | | | | | | | | |